



প্রোফাইল

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব অশোক মাধব রায় বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৫৭ সালে হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ জন্মগ্রহণ করেন। তিনি শায়েস্তাগঞ্জ হাই স্কুল হতে ১৯৭৩ সালে মাধ্যমিক এবং হবিগঞ্জ বৃন্দাবন সরকারী কলেজ হতে ১৯৭৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (অনার্স) ও এমএসসি ডিগ্রী অর্জন করেন।

জনাব অশোক মাধব রায় চাকুরী জীবন শুরু করেন টাংগাইল জেলায় সহকারী কমিশনার হিসেবে। পরবর্তীতে তিনি বিভিন্ন জেলা ও উপজেলায় সহকারী কমিশনার (ভূমি), ভূমি হুকুমদখল কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কাজ করেছেন। তিনি ১৯৯৫ হতে ২০০১ সাল পর্যন্ত দীর্ঘ ৬ (ছয়) বছর কিশোরগঞ্জ সদরের উপজেলা নির্বাহী অফিসার পদে দায়িত্ব পালন করেন। তিনি ২০০১ সালে স্থানীয় সরকার বিভাগে সিনিয়র সহকারী সচিব পদে যোগদান করেন। ২০০৫ সালে তিনি উপসচিব পদে পদোন্নতি পান এবং ভূমি মন্ত্রণালয়ে উপসচিব পদে কর্মরত ছিলেন। ২০০৯ সালে তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব হিসেবে নিয়োজিত ছিলেন। তিনি ২০০৯ সালে যুগ্মসচিব এবং ২০১২ সালে সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পান।

তিনি ৩ ডিসেম্বর ২০১৫ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব হিসেবে যোগদান করেন। ১৪ জুন ২০১৬ তারিখে তিনি সচিব পদে পদোন্নতি পান। নৌ-পরিবহন মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) পদে কর্মরত ছিলেন।

তিনি বিভিন্ন সরকারী সফরে জনস্বার্থে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ডেনমার্ক, দক্ষিণ কোরিয়া, সিংগাপুর, ফিলিপাইন, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, ফ্রান্স, জার্মানী, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া ও থাইল্যান্ড ভ্রমণ করেছেন।

জনাব অশোক মাধব রায় বিবাহিত এবং এক পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম কৃষ্ণা রায়।